

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

তারিখ- ২৭/১১/১৭

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫১.২০১৬- ৪৪

বিষয় : সাময়িক বরখাস্তকালকে কর্মকাল হিসেবে মঞ্জুরের আবেদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী যুব প্রশিক্ষণ কেন্দ্রের ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর জনাব মোঃ ইউনুচ আলম-কে যুব উন্নয়ন অধিদপ্তরের গত ১১-০২-২০১৬ খ্রিঃ তারিখের ৪৮ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(২)(ই) ধারার বিধান মতে তার মূল বেতন পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বর্তমান স্কেলের ০৩(তিন) ধাপ নিম্নে অবনমন করা হয় এবং তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি আপিল কর্তৃপক্ষ বরাবরে আপিল করেন। আপিল কর্তৃপক্ষ তার শাস্তির আদেশ সংশোধনপূর্বক মূল বেতন পরবর্তী ০১(এক) বছরের জন্য বর্তমান স্কেলের ০১(এক) ধাপ নিম্নে অবনমনের আদেশ প্রদান করেন। কিন্তু তার সাময়িক বরখাস্তকালীন সময়ের বিষয়ে কোনরূপ সিদ্ধান্ত প্রদান করেননি।

বর্ণিত অবস্থায়, আপিল কর্তৃপক্ষ যেহেতু জনাব মোঃ ইউনুচ আলম-এর সাময়িক বরখাস্তকাল বিষয়ে কোন সিদ্ধান্ত প্রদান করেননি, সেহেতু, বাংলাদেশ সার্ভিস রুলস্ পাট-১ এর ৭২(বি) বিধি অনুযায়ী তাকে পূর্ণ বেতন ভাতাদি প্রদানের অবকাশ নেই।



(শিশির কুমার রায়)

যুগ্ম-সচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোন : ৯৫৫০৮৬৩

কো-অর্ডিনেটর

যুব প্রশিক্ষণ কেন্দ্র

যুব উন্নয়ন অধিদপ্তর

রাজশাহী।

বিতরণঃ

০১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী।

০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

০৩। উপাধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা(আদেশটি সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করতে অনুরোধ করা হলো)।

০৪। জনাব মোঃ ইউনুছ আলম, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী (সংযুক্ত-কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা)।